22 MAY 2016

তারিখ ... 22 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২ ...

দৈনিক
ইত্তেফাক

# বাজেটে শিক্ষা জাতীয়করণের বরাদ্দ কাম্য

অনেক আক্ষেপ-অপেক্ষার অবসান ঘটিয়ে এমপিওভুক্তদের বকেয়াসহ নতুন বেতনস্কেল প্রাপ্তি আশার দ্যুতি ছড়াচ্ছে। এজন্য সরকারের প্রতি কৃতজ্ঞতা। এমপিওভুক্তদের ভাগ্যে জুটল না বৈশাখীভাতা। বাংলাদেশের শিক্ষকসমাজই সম্ভবত বিশ্বের একমাত্র পেশাজীবী, যাঁরা 'সিকিভাগ' (২৫%) উৎসবভাতা পান!

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের সর্বোচ্চ ও সর্বনিম্ন পদের সবাই একই পরিমাণ বাড়িভাড়া পান। তাঁরা বার্ষিক ইনক্রিমেন্ট, পূর্ণাঙ্গ মেডিকেল সুবিধা পান না। তাঁরা পদোন্নতি, স্বেচ্ছা অবসর, বদলি সুবিধাসহ অসংখ্য বঞ্চনার শিকার। মানুষ গড়ার কারিগরদের মাসিক বাড়িভাড়া বাবদ সরকারি বরাদ্দ মাত্র পাঁচ শ ও চিকিৎসাভাতা তিন শ টাকা।

আশা করি আসন্ন বাজেটে এমপিওভুক্তদের বৈশাখীভাতা (বকেয়াসহ), ১০০% উৎসবভাতা, শিক্ষা জাতীয়করণের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ থাকবে। শিক্ষকদের অবস্থান যত মজবুত হবে জাতি ততোই সোজা হয়ে দাঁড়াবে। কাজেই পবিত্র রমজান ও ঈদ সামনে রেখে এসব ঘোষণাই পারে তাঁদের মুখে হাসি ও বুকে সাহস জোগাতে।

**মো. আলী এরশাদ হোসেন আজাদ,**
বিভাগীয় প্রধান, ইসলামিক স্টাডিজ,
কাপাসিয়া ডিগ্রি কলেজ, কাপাসিয়া, গাজীপুর ১৭৩০